

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন শাখা-২
www.powerdivision.gov.bd

নম্বর: ২৭.০০.০০০০.০৪২.০৮.০০১.২৫.২৭

তারিখ: ৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহের কর্মকর্তাদের চিকিৎসা সংক্রান্ত বহিঃবাংলাদেশ ছুটি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান পরিবর্তিত পরিস্থিতিতে অর্থনৈতিক স্থিতিশীলতা আনয়ন, ডলার স্বল্পতা নিরসন সর্বোপরি ব্যয় কমানোর নিমিত্ত সরকার নানা ধরনের পদক্ষেপ হাতে নিয়েছে। এরই ধারাবাহিকতায় মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয় হতে ব্যয় সংকোচন নীতির অংশ হিসেবে সকল প্রকার বিদেশ ভ্রমণ নিরুৎসাহিত করা হয়েছে। সে আলোকে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা চিকিৎসা ছুটি মঞ্জুরের ক্ষেত্রে জটিল, জরুরি ও গুরুতর রোগের চিকিৎসা ব্যতিত বিদেশ ভ্রমণের অনুমোদন না দেয়ার ব্যাপারে মৌখিক নির্দেশনা প্রদান করেন। কিন্তু বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ হতে প্রেরিত চিকিৎসা ছুটির প্রস্তাবে রোগীর অসুস্থতার প্রকৃতি, রোগের জটিলতা এবং গুরুত্বের বিষয়ে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ মতামত না থাকায় মন্ত্রণালয়ের পক্ষে যথাযথ গুরুত্ব অনুধাবন করা প্রায়ই দুরূহ হয়ে পড়ে।

০২। বর্ণিতাবস্থায় সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে প্রেরিত প্রস্তাবের সাথে রোগী যে বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে চিকিৎসা নিচ্ছেন তার নাম, চেয়ার/হাসপাতালের ঠিকানা ও মোবাইল নম্বর, কতদিন ধরে উল্লিখিত রোগের চিকিৎসা নিচ্ছেন, উক্ত রোগের চিকিৎসা বাংলাদেশে সম্ভব কিনা, সম্ভব না হলে বিদেশে উন্নত চিকিৎসার প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসকের প্রত্যয়ন এবং বিদেশি চিকিৎসক/হাসপাতাল কর্তৃক উক্ত চিকিৎসার প্রয়োজনীয় সময় উল্লেখসহ সাক্ষাৎ পত্র প্রেরণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৩-০১-২০২৫

মো: মাসুদুর রহমান মাসুদ
সিনিয়র সহকারী সচিব

০২-২২৩৩৮৮০৫৯
admin-2@pd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি)।
- ২। চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যানের দপ্তর, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা)।
- ৩। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।
- ৪। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৫। রেজিষ্টার, বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট।
- ৬। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শক এর দপ্তর, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর।
- ৭। যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ), বিদ্যুৎ বিভাগ ও মহাপরিচালক (অঃ দাঃ), পাওয়ার সেল (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, পাওয়ার সেল।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ।

- ১০। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড।
- ১১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)।
- ১২। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বি-আর পাওয়ারজেন লিমিটেড।
- ১৩। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড।
- ১৪। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি।
- ১৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
- ১৬। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)।
- ১৭। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ১৮। ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)।



২৩-০১-২০২৫

মো: মাসুদুর রহমান মাসুদ
সিনিয়র সহকারী সচিব